

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর  
জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল-১৫  
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।  
www.ccie.gov.bd

গণবিজ্ঞপ্তি নং-১৪ (২০১৫-২০১৮)/আমদানি; তারিখ: ২৪/০৭/২০১৭ খ্রি:  
(আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণ)


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক ১৬/০৭/২০১৭ তারিখে জারিকৃত এস, আর, ও নং ২৪৪-আইন/২০১৭ এর মাধ্যমে আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (৫৮) এর সাধারণ লবণ (এইচ এস হেডিং নং-২৫.০১) (পরিশোধিত বা বোল্ডার বা অন্যবিধ) আমদানির জন্য প্রযোজ্য বিধানাবলির প্রয়োগ আদেশ জারির তারিখ হইতে ৪ (চার) মাস পর্যন্ত স্থগিত করার প্রেক্ষিতে প্রকৃত লবণ মিল মালিকদের মাধ্যমে ৫.০০ (পাঁচ) লক্ষ মেঃ টন অপরিশোধিত লবণ (এইচ এস হেডিং নং-২৫.০১) নিম্নবর্ণিত শর্তে আমদানিযোগ্য করা হইলঃ

শর্তাবলীঃ

- (১) ২০১৭ সালে অপরিশোধিত লবণ আমদানি করিতে ইচ্ছুক এবং বিসিক ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত সচল লবণ মিল মালিকগণকে প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে আগামী ০৩/০৮/২০১৭ তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করিতে হইবে।
- (২) আবেদনপত্রের সহিত ২০১৭-২০১৮ অর্থ বৎসরের নবায়নকৃত আমদানি নিবন্ধন সনদপত্র (আইআরসি) ও নির্বাহী অফিসার বরাবরে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার) দাখিল করিতে হইবে।
- (৩) একটি মিল একাধিক আবেদনপত্র দাখিল করিতে পারিবেনা, একাধিক আবেদনপত্র দাখিল করিলে সকল আবেদনপত্র বাতিল এবং জামানত বাজেয়াপ্ত করা হইবে।
- (৪) লবণ আমদানির বিষয়ে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বিসিক কর্তৃক প্রত্যয়নকৃত এবং শিল্প মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত সচল লবণ মিলের তালিকার ভিত্তিতে যাচাই-বাছাই করিয়া একজন লবণ মিল মালিক সর্বোচ্চ কত মেট্রিক টন অপরিশোধিত লবণ আমদানি করিতে পারিবেন তাহা প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর এতদসংক্রান্ত বিষয়ে গঠিত কমিটির মাধ্যমে নির্ধারণ করিবে।
- (৫) প্রধান নিয়ন্ত্রকের দপ্তর কর্তৃক অপরিশোধিত লবণ আমদানির অনুমতি পত্র জারির পরবর্তী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে আমদানিকারকগণ কর্তৃক ঋণপত্র (এলসি) স্থাপন করিতে হইবে।
- (৬) ঋণপত্র স্থাপনের পরবর্তী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে আমদানিকারককে ঋণপত্রের কপি সহ প্রয়োজনীয় সকল তথ্য (আইআরসি, প্রোফরমা ইনভয়েস, এলসিএ ফরম ও ঋণপত্রের কপি) প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ করিতে হইবে।
- (৭) ঋণপত্র স্থাপনের ৪০ (চল্লিশ) দিনের মধ্যে কোন প্রকার ব্যত্যয় না ঘটাইয়া লবণ জাহাজীকরণ করিতে হইবে।
- (৮) বাণিজ্যিক ব্যাংকসমূহকে বাংলাদেশ ব্যাংক ঋণপত্র স্থাপনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে এবং প্রতিদিনকার লবণ আমদানির ঋণপত্রের তথ্য বাংলাদেশ ব্যাংক সংগ্রহ করিয়া প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে জরুরী ভিত্তিতে প্রেরণ করিবে।
- (৯) লবণ আমদানিকারক মিল মালিকগণ অপরিশোধিত লবণ আমদানির পর প্রক্রিয়াজাতকরণ/পরিশোধন/ভোজ্য লবণ হিসেবে বাজারজাত সম্পন্ন করিবার প্রমাণ দাখিলের পর বিসিকের সুপারিশের প্রেক্ষিতে দাখিলকৃত জামানত অবমুক্ত করা হইবে।
- (১০) আবেদনকারীর আবেদনপত্রের সাথে দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্রের মধ্যে যদি কোন জাল/মিথ্যা কাগজপত্র দাখিল করেন তাহা হইলে তার জামানত বাজেয়াপ্ত করা হইবে এবং সরকারি আইন ও বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

০২। আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে:

- (১) ২০১৭-২০১৮ অর্থবছরের জন্য নবায়নকৃত আমদানি নিবন্ধন সনদপত্র (আইআরসি) এর কপি;
- (২) হালনাগাদ (২০১৭-২০১৮ অর্থবছর) ট্রেড লাইসেন্সের কপি;
- (৩) হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের (২০১৬-২০১৭ অর্থবছর) কপি;
- (৪) নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা বরাবরে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার জামানত (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার)।

  
২৪-০৭-১৭

(নন্দন কুমার বনিক)

যুগ্ম-নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের পক্ষে, ঢাকা।

ফোনঃ ৯৫৫৮৪২৭।

nandanbanik2010@yahoo.com